দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 APR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৩

21

# রাজশাহী সরকারী মাদ্রাসা হাইস্কুলে ১০ বছর ধরে অধ্যক্ষ পদশূন্য

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রাজশাহী সরকারী হাই স্কুল মাদ্রাসা সংশ্লিষ্ট বিভাগের অবহেলায় তার ঐতিহ্য হারিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। বিগত ১০ বছর যাবত অধ্যক্ষ পদটি শূন্য রয়েছে। সহ-অধ্যক্ষের পদেও ছয় বছর যাবত কেউ নেই। একজন সহকারী শিক্ষক কিছুদিন যাবত ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে কাজ চালাচ্ছেন।

১৮৭৪ সালে হাজী মোঃ মহসিনের বদান্যতায় এই শিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপিত হয়। এখনও দানবীর হাজী মোঃ মহসিনের দানের অর্থেই মাদ্রসাটি চলে।